মৃতার নিকট থেকে জব্দকৃত ডিজিটাল আলামত ফরেনসিক পরীক্ষার জন্য যেভাবে লিখতে হয়

ইলিয়াস হোসেন
পুলিশ পরিদর্শক (নিঃ)
স্পেশাল এ্যাকশন গ্রুপ
কাউন্টার টেরোরিজম এ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম
ডিএমপি, ঢাকা।
+৮৮০১৯১৯৯৩৩২২১
saymeonline@gmail.com

অনেক সময় মৃত্যু (হত্য/আত্মহত্যা/অজ্ঞাত কারনে মৃত্যু বা যে মৃত্যুর কারন আপাতত জানা নেই) জনিত ঘটনায় প্রাথমিকভাবে **Deceased** এর নিকট থেকে ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল সেট/নোট প্যাড/ট্যাব/ল্যাপটপ/ডেস্কটপ/ সিডি/ডিভিডি/পেনড্রাইভ/ডিজিটাল হাত ঘড়ি/সিসি টিভি ফুটেজ/ মোবাইল সিম কার্ড ইত্যাদি) এবং সুইসাইড নোট/ ডায়েরী উদ্ধার মুলে জব্দ করা হয়। এসব আলামতের মাধ্যমে মৃত্যু রহস্য (কোন ক্লু/তদন্তের লিড) উদঘাটনের চেষ্টা করা হয়। জানতে চেষ্টা করা হয় কেন, কিভাবে মৃত্যুবরন করল (ঘটনার আগে-পরে ইঙ্গিতবাহী কোন লেখা/কল/এসএমএস/ চ্যাটিং/ছবি/ভিডিও/কোন তথ্যাদি ইত্যাদি আছে কিনা) ।

এসকল ক্ষেত্রে ফরেনসিক পরীক্ষার জন্য আদালত থেকে আদেশনামা ও ক্ষমতাপত্র সংগ্রহ পূর্বক ফরেনসিক পরীক্ষার জন্য সিআইডি/পিবিআই ফরেনসিক বিশেষজ্ঞ বরাবরে আবেদন করতে হয়।

আদেশনামা

বরাবর

বিজ্ঞ ----------

বিষয়ঃ মামলা সংক্রান্তে জব্দকৃত আলামত ফরেনসিক পরীক্ষার আদেশ প্রদান প্রসঙ্গে।

সুত্রঃ খাজা বাবা থানার মামলা নং- ১৩, তারিখঃ ৩০/০৪/২০২১ খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পেনাল কোড।

জনাব,

বিনীত নিবেদন এই যে, সূত্রোক্ত মামলার মৃত **(Deceased)** "ক" এর নিকট থেকে/ প্যান্টের পকেট থেকে/ব্যবহৃত ব্যাগ থেকে/ বসত ঘর থেকে তার ব্যবহৃত ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল সেট/নোটপ্যাড/ ট্যাব/ ল্যাপটপ/ ডেস্কটপ/সিডি/ ডিভিডি/ পেনড্রাইভ/ ডিজিটাল হাত ঘড়ি/সিসি টিভি ফুটেজ/ মোবাইল সিম কার্ড ইত্যাদি) উদ্ধার মুলে জব্দ করা হয়। আলামত ইলেকট্রনিক ডিভাইসে ব্যবহৃত মৃত ব্যাক্তির **(Deceased)** সোস্যাল মিডিয়ার আইডিতে (ফেসবুক/টুইটার/ইমো/ভাইভার/ ট্যাঙ্গো/ হোয়াটসএ্যাপ ইত্যাদি) মৃত্যু পূর্ববর্তী সময়ে মৃত্যুর ইঙ্গিতবাহী কোন কল/এসএমএস/চ্যাটিং/ছবি/ ভিডিও/নোট ইত্যাদি আছে কিনা তা ফরেসিক বিশেষজ্ঞ কর্তৃক পরীক্ষা করা প্রয়োজন।

অতএব উল্লেখিত কারনে জব্দকৃত আলামত ফরেনসিক পরীক্ষার ব্যবস্থা গ্রহনে এসএস (ফরেনসিক), সিআইডি, ঢাকা'কে আদেশদানে আপনার সদয় মর্জি হয়।

বিনীত

ক্ষমতাপত্র

সুত্রঃ খাজা বাবা থানার মামলা নং- ১৩, তারিখঃ ৩০/০৪/২০২১ খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পেনাল কোড।

প্রতি,

বিশেষ পুলিশ সুপার (ফরেনসিক)
বাংলাদেশ পুলিশ, সিআইডি, মালিবাগ, ঢাকা।

সূত্রোক্ত মামলা সংক্রান্তে জব্দকৃত আলামত সমূহ (যা পরীক্ষা করাতে চান তার পূর্ণাঙ্গ বর্ণনা জব্দ তালিকা মোতাবেক এখানে উল্লেখ করবেন) পরীক্ষা করার জন্য আপনাকে ক্ষমতা প্রদান করা হল। আলামত পরীক্ষাকালে পরিবর্তন/পরিবর্ধন/বিনস্ট করা যেতে পারে।

ফরেনসিক বরাবরে প্রেরীত আবেদন

বরাবর

বিশেষ পুলিশ সুপার (ফরেনসিক)
বাংলাদেশ পুলিশ, সিআইডি, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ আলামত আইটি ফরেনসিক বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষার জন্য আবেদন।

সূত্রঃ সুত্রঃ খাজা বাবা থানার মামলা নং- ১৩, তারিখঃ ৩০/০৪/২০২১ খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পেনাল কোড।

জনাব,

বিনীত নিবেদন এই যে, সূত্রে বর্ণিত মামলার রহস্য উদঘাটনের নিমিত্তে নিম্নে উল্লেখিত জব্দকৃত আলামত সমূহ ফরেনসিক পরীক্ষা পূর্বক চাহিত বিষয়ে উল্লেখিত মতামত প্রয়োজন।

চাহিত বিষয়ঃ ১। আলামতে ডিসিস্টের মৃত্যু পূর্ববর্তী সময়ে ইঙ্গিতবাহী কোন কথপোকথনের রেকর্ড/ছবি/ভিডিও/ডক ফাইল (সুইসাইড নোট/মৃত্যুর কারন জনিত কোন লেখা) ইত্যাদি আছে কিনা?

২। আলামত মোবাইলে ব্যবহৃত সোস্যাল মিডিয়ার আইডি, আলামতে ব্যবহৃত সিমের সাথে সম্পৃক্ত সোস্যাল মিডিয়ার আইডি, সিমের সাথে সম্পৃক্ত ই-মেইল আইডির সাথে সম্পৃক্ত সোস্যাল মিডিয়ার আইডির মাধ্যমে মৃত্যু পূর্ববর্তী সময়ে কারো সাথে ইঙ্গিতবাহী চ্যাটিং এর তথ্যাদি আছে কিনা?

অতএব আলামত পরীক্ষাপূর্বক চাহিত বিষয়ে উল্লেখিত মতামত প্রদানে আপনার সদয় মর্জি হয়।

সংযুক্তিঃ ১। মামলার এজাহার ও জব্দতালিকার ফটোকপি ২। আদেশনামা ও ক্ষমতাপত্র ৩। ভিকটিমের ছবি ০৩ কপি। ৪। ফরেনসিক এক্সপার্ট এর কাজ সহজ করার জন্য সন্দেভাজন কারো নাম, নম্বর জানা থাকলে বা তদন্তে পেলে তা প্রদান করা ।	দাখিলকারী